

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড

সাধারণ সেবা বিভাগ

প্রধান কার্যালয়ঃ ২০, দিলকুশা, ঢাকা - ১০০০

নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ১৮-০২-২০২১

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকার ১৯৬, মতিঝিল-এ কিছু পুরাতন কম্পিউটার এ্যাক্সেসোরিস বিক্রি করা হবে। পুরাতন কম্পিউটার এ্যাক্সেসোরিস গুলোর বিবরণ ও সংখ্যা নিম্নরূপঃ

(১) সিপিইউ - ৪৫১ টি (২) ইউপিএস (অফলাইন) - ৪৭৭ টি (৩) প্রিন্টার - ১৪১ টি (৪) ফ্লাটবেড স্ক্যানার - ৩৭ টি (৫) ডকুমেন্ট স্ক্যানার - ৩০ টি (৬) এমআইসিআর স্ক্যানার - ৮ টি (৭) সার্ভার পিসি - ৩৭ টি (৮) ল্যাপটপ - ৩৯ টি (৯) ল্যান/ওয়ান এ্যাক্সেসোরিস - ১৩৪ টি (১০) ব্যাটারী - ৩০০ টি (১১) অন্যান্য (মাউস, কি-বোর্ড, প্রিন্টারের ভাঙ্গা কভার, ইউপিএস, সিপিইউ ইত্যাদি) - ০৮ লট এবং (১২) ক্রাসড হার্ড ডিস্ক - ০৫ লট।

(প্রতিটি মালামালের আলাদা আলাদা মূল্য উল্লেখ করতে হবে)।

উক্ত কম্পিউটার এ্যাক্সেসোরিস গুলো বিক্রির জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক) দরপত্র জমাদান, খোলার তারিখ ও সময়ঃ বিজ্ঞপ্তির তারিখ থেকে আগামী ২৫-০২-২০২১ ইং বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ২০, দিলকুশা (৭ম তলা) সাধারণ সেবা বিভাগ এবং ৪০, দিলকুশা (১ম তলা), এ জমা নেয়া হবে এবং ঐ দিনই বিকাল ৩.১০ মিনিটে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ২০, দিলকুশা (৭ম তলা) সাধারণ সেবা বিভাগে দরপত্রদাতা গণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।


খ) আগ্রহী দরপত্র দাতাগণকে অফিস চলাকালীন সময়ে, প্রধান কার্যালয়, ঢাকার ১৯৬, মতিঝিল-এ যোগাযোগ করে উক্ত পুরাতন কম্পিউটার ও এ্যাক্সেসোরিস গুলো সরেজমিনে পরিদর্শন করতে পারেন।

গ) দরপত্রের সাথে সংযুক্তিঃ উক্ত দরপত্রের সাথে জামানত হিসেবে, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড বরাবরে যে কোন তফশীলী ব্যাংক থেকে উদ্ধৃত মূল্যের ১৫% হারে পে-অর্ডার জমাদান করতে হবে, যা ব্যাংকের নিকট সংরক্ষিত থাকবে এবং সফল দরদাতার ক্রয়মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ব্যর্থ দরপত্র দাতাগণের পে-অর্ডার, সফল দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের পর ফেরৎ প্রদান করা হবে।

ঘ) আগামী ১৮/০২/২০২১ ইং তারিখ থেকে ২৫/০২/২০২১ ইং দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত সাধারণ সেবা বিভাগ থেকে দরপত্রের প্রতিটি সিডিউল ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে/সাদা কাগজে আবেদন করে সংগ্রহ করা যাবে।

উক্ত বিক্রয় মূল্যের উপর ট্যাক্স, ভ্যাট ও অন্যান্য কর সরকারী বিধি মোতাবেক প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত জানতে ভিজিট করুন www.islamibankbd.com


সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
সাধারণ সেবা বিভাগ

৩১